

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রকল্প বাস্তবায়ন-৩ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং -৪৫.১৭৪.০০২.১৬.০০.০১৬.২০১১-৪২০

তারিখ : ০৭.০৪.২০১৪ খ্রিঃ

প্রেরক : হুমায়রা সুলতানা
উপ-সচিব

প্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সিঙ্গিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয় : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতায় স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির অধীন “নার্সিং এডুকেশন এন্ড সার্ভিসেস” কর্মসূচির অনুকূলে চলতি ২০১৩-২০১৪ অর্থ বছরে এডিপিতে বরাদ্দকৃত অর্থের আরপিএ (জিওবি) খাত হতে ৩য় কিস্তি বাবদ ৫৩৭.৫০ লক্ষ (পাঁচ কোটি সাইত্রিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা অবমুক্তি সংক্রান্ত।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ধীন স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির আওতায় “নার্সিং এডুকেশন এন্ড সার্ভিসেস” শীর্ষক কর্মসূচির অনুকূলে চলতি ২০১৩-২০১৪ অর্থবছরে এডিপিতে বরাদ্দকৃত অর্থ হতে আরপিএ (জিওবি) খাতের (২৯.০৮.২০১৩ তারিখের ৪৫.১৭৪.০০২.১৬.০০.০১৬.২০১১-৩২৯ সংখ্যক স্মারকে বর্ণিত অনুমোদিত বিভাজন অনুযায়ী) ৩য় কিস্তি বাবদ ৫৩৭.৫০ লক্ষ (পাঁচ কোটি সাইত্রিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা (রাজস্ব) অবমুক্তকরণে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করতে আদিষ্ট হয়েছে। এই ব্যয় চলতি ২০১৩-২০১৪ অর্থ বছরে ২৭ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের উন্নয়ন বাজেটের আওতায় এইচপিএনএসডিপি’র আওতাধীন “নার্সিং এডুকেশন এন্ড সার্ভিসেস” (কোড নং-৫-২৭১৬-৫০২০) এর অনুকূলে বরাদ্দকৃত অর্থ হতে বহন করা হবে।

তবে শর্ত থাকে যে,

- এই অর্থ ব্যয়ের ক্ষেত্রে Public Procurement Act-2006 এবং The Public Procurement Rules-2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধিবিধান যথাযথ ভাবে পালন করতে হবে ;
- ছাড়কৃত অর্থের ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন।
- এই অর্থ ব্যয়ে সরকারী সকল আর্থিক বিধি-বিধান ও নিয়মাচার যথাযথভাবে প্রতিপালন করতে হবে ;
- কর্মসূচির অপারেশনাল প্ল্যানে বর্ণিত দফাওয়ারী বরাদ্দ অনুযায়ী এবং উন্নয়ন সহযোগী দেশ/সংস্থার সাথে সম্পাদিত কার্যকর চুক্তির শর্ত মোতাবেক এই অর্থ ব্যয় করতে হবে ;
- অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে সরকারী কোষাগারে সমর্পণ করতে হবে; এবং
- ছাড়কৃত অর্থের পুনর্ভরণ দাবী অবিলম্বে পেশসহ পুনর্ভরণ নিশ্চিত রতে হবে।

২। অর্থ বিভাগের ২৯.১২.২০০৪ তারিখের অম/অবি/উঃবাঃ-১/বিবিধ-৪৬/২০০৪/৮৪৬ নম্বর স্মারকের অধীনে অত্র মন্ত্রণালয়/ বিভাগ কে যে ক্ষমতাপ্রাপ্ত করা হয়েছে সেই অনুযায়ী এবং অর্থবিভাগের ৩১.০৩.২০১৪ তারিখের ০৭.১০৪.০১৪.২৭১৬.৪৭.২০১২-১৩৩ নং স্মারকের সম্মতিত্রমে এই আদেশ জারী করা হল।

(হুমায়রা সুলতানা)
উপ-সচিব
ফোনঃ ৯৫৪৯৫৪০

স্মারক নং -৪৫.১৭৪.০০২.১৬.০০.০১৬.২০১১-৪২০/১(৭)

তারিখ : ০৭.০৪.২০১৪ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. পরিচালক, সেবা পরিদপ্তর ও লাইন ডাইরেক্টর, নার্সিং এডুকেশন এন্ড সার্ভিসেস, মতিঝিল, ঢাকা।
২. যুগ্ম-প্রধান স্বাস্থ্য উইং, আর্থ সামাজিক অবকাঠামো ও কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা।
৩. উপ-সচিব (এফএমইউ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিনিয়র সহকারী সচিব (বাজেট-৪) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৬. যুগ্ম-সচিব (প্রবা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৭. যুগ্ম-প্রধান (পরিকল্পনা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

(হুমায়রা সুলতানা)
উপ-সচিব